

স্মারক নম্বর: ৩৭.০৫.০০০০.০১০.৯৯.০০১.২০.৫৮৬

তারিখ: ১৯ আষাঢ় ১৪২৯

০৩ জুলাই ২০২২

বিষয়: শিক্ষক নিবন্ধন সনদ যাচাই।

সূত্র: কোসমপামাবি/০১/২২ তারিখঃ ২০/০৩/২০২২ ইং।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে নিম্নবর্ণিত শিক্ষকের দাখিলকৃত শিক্ষক নিবন্ধন সনদ যাচাইক্রমে নিম্নরূপ তথ্য পাওয়া যায়:

ক্র: নং	নাম, পিতা ও মাতার নাম	রোল, রেজিঃ, সন ও পরীক্ষা নং	পদ ও বিষয়	এনটিআরসিএ'র মন্তব্য
১	নাম: MD.SHAFIUDDIN পিতা: MD.AYENUDDIN	রোল নম্বর: 30211984 রেজি নম্বর: 90012835 5th Teachers' Registration Examination-2009	Assistant Teacher (Social Science)  ENGLISH	নিবন্ধন সনদটি সঠিক তবে কাম্য শিক্ষাগত যোগ্যতা সঠিক নয়।

জনাব মোঃ শফিউদ্দিনের শিক্ষক নিবন্ধন সনদ ও একাডেমিক সনদ পর্যালোচনায় দেখা যায় যে, তিনি ১৯৯৭ সালে স্নাতক (পাস কোর্স) ডিগ্রি অর্জন করেছেন। তিনি স্নাতক (পাস কোর্স) এর সনদ দিয়ে ২০০৯ সালে ৫ম শিক্ষক নিবন্ধন পরীক্ষায় আবেদন করে সহকারী শিক্ষক সমাজ বিজ্ঞান পদে ইংরেজি বিষয়ে অংশ গ্রহণ করে উত্তীর্ণ হন এবং নিবন্ধন সনদ অর্জন করেন। তবে উল্লেখ্য যে, সহকারী শিক্ষক সমাজ বিজ্ঞান পদে ইংরেজি বিষয়ের জন্য চাহিত যথাযথ শিক্ষাগত যোগ্যতা অর্থাৎ স্নাতক পর্যায়ে ৩০০ নম্বরের ইংরেজি থাকতে হবে যা জনাব মোঃ শফি উদ্দিনের ছিলনা।

অভিযুক্ত জনাব মোঃ শফি উদ্দিন তার স্নাতক (পাস কোর্স) এর সনদ (ইংরেজি বিষয়ে ১০০ নম্বর) ব্যবহার করে ৫ম শিক্ষক নিবন্ধন পরীক্ষায় সহকারী শিক্ষক (সমাজ বিজ্ঞান) পদে ইংরেজি বিষয়ে আবেদন করে নিবন্ধন পরীক্ষায় অংশ গ্রহণ করে উত্তীর্ণ হন। উল্লেখ্য, ৫ম শিক্ষক নিবন্ধন পরীক্ষা-২০০৯ এর বিজ্ঞপ্তি অনুযায়ী চাহিত কাম্য শিক্ষাগত যোগ্যতা ছিল ৩০০ নম্বরে ইংরেজি/ সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি অথবা ইংরেজি বিষয়ে চার বছরের স্নাতক (সম্মান) ডিগ্রি। বর্ণিত অবস্থায় ইংরেজি বিষয়ে আবেদন করার জন্য ২০০৯ সালের নিবন্ধন পরীক্ষার বিজ্ঞপ্তিতে চাহিত যথাযথ শিক্ষাগত যোগ্যতা জনাব শফি উদ্দিনের ছিলনা। তিনি স্নাতক (পাস কোর্স) পর্যায়ে ইংরেজি বিষয়ে ১০০ নম্বরের সনদ দিয়ে নিবন্ধন পরীক্ষায় অংশগ্রহণ করে সহকারী শিক্ষক (সমাজ বিজ্ঞান) পদে ইংরেজি বিষয়ে উত্তীর্ণ হয়েছেন। বিষয়টি নির্দেশক্রমে অবহিত করা হলো।

৩-৭-২০২২

তাজুল ইসলাম

সহকারী পরিচালক (পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন-৩)

ফোন: ০২-৪১০৩০০৪৩

ফ্যাক্স: ০২-৪১০৩০০৪৯

ইমেইল: office@ntrca.gov.bd

প্রধান শিক্ষক,

কোটচাঁদপুর সরকারি মডেল পাইলট মাধ্যমিক বিদ্যালয়,

কোটচাঁদপুর, ঝিনাইদহ।

স্মারক নম্বর: ৩৭.০৫.০০০০.০১০.৯৯.০০১.২০.৫৮৬/১(৩)

তারিখ: ১৯ আষাঢ় ১৪২৯

০৩ জুলাই ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)

২) মোঃ শফি উদ্দিন, সহকারী শিক্ষক (সামাজিক বিজ্ঞান), ইংরেজি, কোটচাঁদপুর সরকারি মডেল পাইলট মাধ্যমিক বিদ্যালয়,

কোটচাঁদপুর, ঝিনাইদহ।

৩) অফিস, কপি



৩-৭-২০২২

তাজুল ইসলাম

সহকারী পরিচালক (পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন-৩)